

কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকাণ্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৭৯. কোন মুসলমানের ব্যাপারে যে কোন অমূলক ধারণা করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِيَّاكُمْ وَالظَّنَّ ، فَإِنَّ الظَّنَّ أَكْذَبُ الْحَدِيثِ ، وَلَا تَجَسَّسُوا ، وَلَا تَحَسَّسُوا ، وَلَا تَنَاجَشُوا ، وَلَا تَحَاسَدُوا ، وَلَا تَدَابَرُوا ، وَلَا تَبَاغَضُوا ، وَكُونُوا عِبَادَ اللَّهِ إِخْوَانًا

“তোমরা কারোর ব্যাপারে অমূলক ধারণা থেকে বিরত থাকো। কারণ, কারোর ব্যাপারে অমূলক ধারণা মহা মিথ্যারই অন্তর্গত। তোমরা কারোর ব্যাপারে গোয়েন্দাগিরি করো না। কারোর কোন খবরগিরি করো না। কারোর ক্রয়-বিক্রয়ে দালালি করো না। কাউকে হিংসা করো না। কারোর পিছনে পড়ো না। বরং তোমরা সবাই এক আল্লাহ্ তা’আলার বান্দা তথা পরস্পর ভাই ভাই হয়ে যাও” [1]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৫১৪৩, ৬০৬৪, ৬০৬৬ মুসলিম, হাদীস ২৫৬৩)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=11429>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন